

নিলাম বিজ্ঞপ্তি

স্মারক নং-২৭.৩১.০০০০.৩০০.৪৪.০০২.১৮.৪৩৮

তারিখঃ ১৯-০৯-২০২১ খ্রিঃ

বি-আর পাওয়ারজেন লিঃ এর আওতায় কন্ডা ১৫০ মেঃ ওঃ ডুয়েল ফুয়েল বিদ্যুৎ কেন্দ্রে ব্যবহৃত HFO হতে অব্যবহারযোগ্য Furnace Oil Sludge নিলামে বিক্রয়ের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আগ্রহী প্রতিষ্ঠান এর নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে পূর্ণ ঠিকানা ও স্বাক্ষর সম্বলিত সীলমোহরকৃত খামে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	মালামালের বিবরণ	পরিমাণ (লিটার)	প্রতি লিটার সর্বনিম্ন একক দর (ভ্যাট ৭.৫% ও ট্যাক্স ৫% সহ) (টাকা)	উদ্ধৃত (টাকা)		মালামালের অবস্থান ও পরিদর্শনের স্থান/ঠিকানা
				(ভ্যাট ৭.৫% ও ট্যাক্স ৫% সহ) একক দর	মোট মূল্য	
০১	Furnace Oil Sludge	৯,০০,০০০	৫.০০			কন্ডা ১৫০ মেঃ ওঃ ডুয়েল ফুয়েল বিদ্যুৎ কেন্দ্র, কন্ডা, গাজীপুর।

দরপত্রের শর্তাবলীঃ

- আগ্রহী দরদাতা প্রতিষ্ঠান সমূহ উপরোক্ত ছক অনুযায়ী প্রতিষ্ঠানের লেটার হেড প্যাডে বি-আর পাওয়ারজেন লিঃ এর সদর দপ্তর (বাড়ী নং-০১, রোড নং-১৩, সেক্টর নং-১, উত্তরা, ঢাকা) এ আগামী ২০-০৯-২০২১ খ্রিঃ হতে ০৫-১০-২০২১ খ্রিঃ দুপুর ১২:০০ ঘটিকার মধ্যে মুখবন্ধ খামে দরপত্র জমা প্রদান করতে হবে। নির্ধারিত সময়ের পর কোন দরপত্র গ্রহণ করা হবে না। খামের উপরে “নিলাম দরপত্র- Furnace Oil Sludge” উল্লেখ করতে হবে।
- প্রতি লিটার Furnace Oil Sludge এর সর্বনিম্ন একক দর ভ্যাট ও ট্যাক্স সহ ৫.০০ টাকা এর কমে প্রদত্ত দরপত্র মূল্যায়নের জন্য বিবেচিত হবে না।
- নিলামযোগ্য Furnace Oil Sludge প্রতিদিন (ছুটির দিন ব্যতিত) অফিস চলাকালীন সময়ে ছকে বর্ণিত স্থানে পরিদর্শনকরতঃ এতদসংক্রান্ত যাবতীয় তথ্যাদী/Sample সংগ্রহ করা যাবে। দরদাতা অবশ্যই অপসারণযোগ্য মালামাল সম্পর্কে ভালভাবে ধারণা নিয়ে দরপত্র দাখিল করবেন।
- দরপত্রে কোন কাটা ছেঁড়া/ঘষামাজা গ্রহণযোগ্য হবে না। উদ্ধৃত দর অংকে ও কথায় উল্লেখ করতে হবে। অংকে লিখিত দর ও কথায় লিখিত দর এর মধ্যে এবং একক দর ও মোট দরের মধ্যে কোন গরমিল পরিলক্ষিত হলে, দরপত্র মূল্যায়নের জন্য বিবেচনা করা হবে না।
- দরদাতা কর্তৃক দরপত্রে স্বাক্ষর করতে হবে এবং পূর্ণাঙ্গ ঠিকানা, মোবাইল নাম্বার ও ই-মেইল আইডি লিখতে হবে, অন্যথায় দরদাতার দরপত্র বাতিল বলে বিবেচিত হবে।
- নির্ধারিত সময়ের মধ্যে গৃহীত দরপত্রসমূহ ০৫-১০-২০২১ খ্রিঃ দুপুর ১২:৩০ ঘটিকায় বি-আর পাওয়ারজেন লিঃ এর সদর দপ্তরে উপস্থিত দরদাতা/প্রতিনিধির সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে এবং পরবর্তীতে মূল্যায়ন কমিটি কর্তৃক যথারীতি মূল্যায়ন করা হবে।
- দরপত্রের সাথে জামানত হিসেবে মোট উদ্ধৃত মূল্যের ১০% (দশ শতাংশ) অর্থ পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে “বি-আর পাওয়ারজেন লিঃ” এর অনুকূলে অবশ্যই জমা প্রদান করতে হবে। উক্ত জামানত সর্বশেষ চালান/কিস্তির Furnace Oil Sludge এর মূল্যের সাথে সমন্বয় করা হবে।
- কার্যাদেশ ইস্যুর তারিখ হতে কার্যাদেশের সময় ০৩ (তিন) বছর অথবা পরিমাণ ৯,০০,০০০ লিটার যাহা আগে আসে ভিত্তিতে কার্যাদেশ বলবৎ থাকবে।
- সফল দরদাতা কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক Furnace Oil Sludge গ্রহণ করবেন। বিক্রয়যোগ্য Furnace Oil Sludge এর পরিমাণ কম/বেশি হতে পারে।
- সফল দরদাতাকে Furnace Oil Sludge জমা সাপেক্ষে Furnace Oil Sludge গ্রহণের জন্য Indent প্রদান করা হবে। Indent প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে Indent মূল্য (সরকারি বিধি অনুযায়ী ভ্যাট ও আয়কর প্রযোজ্য হবে) বাবদ অর্থ পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে “বি-আর পাওয়ারজেন লিঃ” এর অনুকূলে অবশ্যই জমা / পরিশোধ করতে হবে। অন্যথায়, জামানত বাবদ প্রদানকৃত অর্থ বাজেয়াপ্ত করা হবে।
- সফল দরদাতা Indent ইস্যুর সর্বোচ্চ ১৫ (পনের) দিনের মধ্যে সংশ্লিষ্ট স্থান হতে নিজস্ব পরিবহন ব্যবস্থায় নিজ দায়িত্বে ইন্ডেন্টকৃত Furnace Oil Sludge মালামাল বুকে নিবেন এবং প্রচলিত পরিবেশ আইন অনুযায়ী Furnace Oil Sludge পরিবহন এবং ব্যবহার নিশ্চিত করবেন।
- Furnace Oil Sludge গ্রহণের সময় এর সঠিক পরিমাণ, Tank Lorry এর হালনাগাদ BSTI Calibration Chart অনুযায়ী উভয় পক্ষের প্রতিনিধির উপস্থিতিতে নির্ধারণ করা হবে। বি-আর পাওয়ারজেন লিঃ এর কর্তৃপক্ষ প্রয়োজনে সরবরাহকৃত Tank Lorry এর Calibration Chart BSTI কর্তৃক সঠিকতা যাচাই করতে পাঠাতে পারে এবং অসত্য প্রমাণিত হলে কার্যাদেশ বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবে।
- দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, TIN সার্টিফিকেট এবং ভ্যাট রেজিস্ট্রেশন এর কপি জমা দিতে হবে।
- দরপত্র গ্রহণ ও মূল্যায়নকালে শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সে ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এছাড়া, কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন বা সকল দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

তত্ত্বাবধায়ক প্রকৌশলী
বি-আর পাওয়ারজেন লিঃ